

AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin

Date 23-11-2025

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) ভোটের তালিকায় নিবিড় সংশোধন কর্মসূচী এসআইআর প্রক্রিয়ায় বিএলও অ্যাপ ও সার্ভারের সমস্যা নিরসনে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগারওয়াল আগামীকাল জরুরী বৈঠকে বসছেন।
- ২) ভালো কাজের জন্য বিএলও-দের পুরস্কৃত করবে নির্বাচন কমিশন।
- ৩) এসআইআর আবহে অনুপ্রবেশকারীরা দেশ ছেড়ে চলে যাওয়ায় তৃণমূল কংগ্রেস সমস্যায় পড়েছে বলে বিজেপি দাবি করেছে।
- ৪) স্কুল সার্ভিস কমিশনের নবম দশমের শিক্ষক নিয়োগের ফল আগামীকাল প্রকাশিত হবে।
- ৫) মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজের জন্য আজ আরও এক দফা সকাল ৬ টা থেকে দুপুর ২ টা পর্যন্ত বন্ধ রয়েছে দ্বিতীয় হুগলী সেতু।

ভোটের তালিকার নিবিড় সংশোধন SIR প্রক্রিয়ায় এনুমারেশন ফর্ম পূরণ ও সংগ্রহের শেষ পর্বে BLO অ্যাপ ও সার্ভারের সমস্যা নিরসনে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগারওয়াল আগামীকাল জরুরী বৈঠকে বসছেন। এই কাজে নিযুক্ত সমস্ত এজেন্সি ও সংশ্লিষ্ট আধিকারিকদের নিয়ে বৈঠকে বসবেন তিনি। সূত্রের খবর,

সাম্প্রতিক প্রযুক্তিগত বিপর্যয়ে সাধারণ মানুষ থেকে শুরু করে বিএলও— সবাই সমস্যায় পড়েছেন। ডেটা আপলোড, যাচাইকরণ ও ডিজিটাইজেশনের কাজ ধীর গতিতে চলায় উদ্বেগ তৈরি হয়েছে। সোমবারের বৈঠকে সার্ভার ডাউন হওয়ার কারণ, প্রযুক্তিগত ঘাটতি, তাৎক্ষণিক সমাধান এবং বিকল্প ব্যবস্থা নিয়ে বিস্তারিত আলোচনা হবে বলে জানা গেছে।

এনুমারেশন প্রক্রিয়ায় এখনো পর্যন্ত দক্ষতার সঙ্গে কাজ করা বুথ লেভেল আধিকারিকদের পুরস্কৃত করবে নির্বাচন কমিশন। এপর্যন্ত যে সমস্ত বিএলও নিজের বুথের ৯৯ শতাংশের বেশি এনুমারেশন ফর্ম সংগ্রহ ও ডিজিটাইজ করার কাজ শেষ করেছেন তাঁদের পুরস্কৃত করা হবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে। একই সঙ্গে তাঁদের দৃষ্টান্ত সামনে রেখে অন্যান্য বুথ লেভেল আধিকারিকদের উজ্জীবিত করতেও উদ্যোগ নেওয়া হচ্ছে। এজন্য পুরস্কার প্রাপকদের ছবি ও ভিডিও বার্তা নির্বাচন কমিশন সামাজিক মাধ্যমেও প্রচার করার সিদ্ধান্ত নিয়েছে। আগামী কাল থেকেই এই প্রক্রিয়া শুরু হবে।

ভোটের তালিকার নিবিড় সংশোধন SIR প্রক্রিয়ার মধ্যেই বুথ লেভেল অফিসার BLO-দের পারিশ্রমিক নির্বাচন কমিশন বৃদ্ধি করেছে বলে ভোটকর্মী ও BLO ঐক্যমঞ্চের তরফে দাবি করা হয়েছে। মঞ্চের তরফে স্বপন মণ্ডল জানিয়েছেন, BLO-দের পারিশ্রমিক ১২ হাজার টাকা থেকে বেড়ে হচ্ছে ১৮ হাজার টাকা। প্রসঙ্গত, প্রথমে এই পারিশ্রমিক ধার্য ছিল ৬ হাজার টাকা। ডিজিটাইজেশনের জন্য ডেটা খরচ বাবদ টাকাও BLO-দের দেওয়া হবে। আগামী সপ্তাহ থেকেই টাকা পাবেন বিএলও-রা। গতকাল মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে দেখা করেন ভোটকর্মী ও BLO ঐক্যমঞ্চের প্রতিনিধিরা। BLO-দের উপর কাজের চাপের কথা তারা তুলে ধরেন।

বিএলওদের প্রবল রাজনৈতিক চাপের মধ্যে কাজ করতে হচ্ছে বলে ভোটকর্মী ঐক্যমঞ্চ অভিযোগ করেছে। ভোটের তালিকায় নাম তোলার জন্য নানা অসদুপায় গ্রহণ করা হচ্ছে বলেও সংগঠনের তরফে নির্বাচন কমিশনকে জানানো হয়েছে। বিএলও-রা যাতে সংশ্লিষ্ট ভোটের সম্পর্কে নিজেদের মন্তব্য বিএলও অ্যাপে লিখতে পারেন, সেজন্য রিমার্কস অপশনের দাবি জানিয়েছে সংগঠনটি।

এসআইএর-এর কাজের চাপে বুথ লেভেল অফিসারের মৃত্যুর ঘটনায় নদীয়ার জেলাশাসক তথা ডিইও-র কাছে রিপোর্ট চেয়েছেন মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগারওয়াল। কৃষ্ণনগরের ষষ্ঠীতলায় বাড়ি থেকে বছর ৫১-র এক বিএলও-র দেহ উদ্ধার হয়। স্কুলের পার্শ্বশিক্ষিকা ঐ মহিলা তাঁর মৃত্যুর জন্য অত্যধিক কাজের চাপকেই দায়ী করেছেন বলে পরিবারের অভিযোগ।

পাশাপাশি জলপাইগুড়ির জেলাশাসকের কাছেও এক বুথ লেভেল অফিসারের মৃত্যুর ব্যাপারে রিপোর্ট চেয়ে পাঠিয়েছে কমিশন।

রাজ্যে এসআইআর প্রক্রিয়ায় অনুমারেশন ফর্ম ডিজিটাইজ করার কাজে চুক্তিভিত্তিক ডেটা এন্ট্রি অপারেটর, চুক্তি ভিত্তিক কর্মী এবং বাংলা সহায়তা কেন্দ্রের কর্মীদের ব্যবহার করা যাবে না বলে নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে। বিডিও, ইআরও এবং এইআরওদের উদ্দেশে জারি এক নির্দেশে কমিশন জানিয়েছে যে, এর অন্যথা হলে উপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

উল্লেখ্য বিজেপি, ডেটা এন্ট্রির কাজে এই ধরনের কর্মীদের ব্যবহার করা হচ্ছিল বলে অভিযোগ তোলে।

এদিকে, গতকাল সন্ধ্যা ৬ টা পর্যন্ত রাজ্যে ৩ কোটি ১৫ লক্ষের বেশি এনুমারেশন ফর্ম ডিজিটাইজ করা হয়েছে বলে কমিশন জানিয়েছে। এই সংখ্যা, বন্টন করা এনুমারেশন ফর্মের ৪১ দশমিক ২০ শতাংশ।

প্রশাসনের সর্বস্তরের আধিকারিকদের রাজ্যে ভোটের তালিকার বিশেষ নিবিড় সংশোধনী এস আই আর-এর কাজে নিযুক্ত বুথ লেভেল আধিকারিক বা বি এল ওদের সঙ্গে সর্বতভাবে সহযোগিতা করার নির্দেশ দিয়েছে রাজ্য সরকার। নবান্ন থেকে গতকাল সব জেলাশাসকদের সঙ্গে প্রশাসনিক বৈঠকে রাজ্যের মুখ্য সচিব মনোজ পন্থ এই মর্মে নির্দেশ দিয়েছেন। এস আই আরের কাজে বিএলও-দের সহায়তার জন্য বিভিন্ন দফতরের আধিকারিকদের নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। সেই পরিপ্রেক্ষিতে মুখ্য সচিবের এই নির্দেশ তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে।

একই সঙ্গে এস আই আর-এর কাজের জন্য সরকারি উন্নয়নমূল প্রকল্পগুলির গতি যাতে কোনওভাবেই থমকে না যায় তা নিশ্চিত করতেও মুখ্য সচিব নির্দেশ দিয়েছেন বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে। বিশেষ করে গ্রামাঞ্চলে রাস্তা সংস্কার ও চলমান প্রকল্পগুলিতে গতি আনার ওপর বাড়তি জোর দেন তিনি।

এসআইআর আবহে অনুপ্রবেশকারীরা দেশ ছেড়ে চলে যাওয়ায় তৃণমূল কংগ্রেস সমস্যায় পড়েছে বলে বিজেপি দাবি করেছে। গতকাল দিল্লীতে এক সাংবাদিক বৈঠকে দলের জাতীয় মুখপাত্র গৌরব ভাটিয়া বলেন, এধরনের অনুপ্রবেশকারীরাই তৃণমূল

কংগ্রেসের ভোটব্যাঙ্ক। সংবিধানের ওপর তৃণমূল কংগ্রেস নেত্রীর ভরসা নেই বলেও অভিযোগ করেন তিনি।

বাইট

মুর্শিদাবাদের ভারতপুরের তৃণমূল কংগ্রেস বিধায়ক হুমায়ূন কবির মুর্শিদাবাদে ' বাবরি মসজিদ ' নির্মাণের যে কথা প্রকাশ্যে বলেছেন বিশ্ব হিন্দু পরিষদ তার কঠোর নিন্দা করেছে। পরিষদের কলকাতা ক্ষেত্রের সম্পাদক অমিয় সরকার আজ বলেন, বাবরের নামে কোনো ধর্মীয় নির্মাণের প্রচেষ্টা অগ্রহণযোগ্য।

বিষয়টি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এবং তৃণমূল কংগ্রেসের তীব্র সমালোচনা করেছেন কংগ্রেস নেতা অধীর চৌধুরী। গতকাল সাংবাদিকদের কাছে অধীরবাবু বলেন, মুখ্যমন্ত্রী নিজেকে বিজেপির চেয়ে বেশি হিন্দু প্রেমী হিসাবে তুলে ধরার জন্য মন্দির রাজনীতি করছেন। একইভাবে পাল্টা বাবরি মসজিদ নির্মাণের ঘোষণা হচ্ছে। মেরুকরণের রাজনীতিই এর পেছনে রয়েছে বলে দাবি করেন তিনি।

তৃণমূল কংগ্রেস সরকার রাজ্যের বর্তমান দুর্দশার জন্য দায়ী বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন। মুর্শিদাবাদের বড়এগাঁয় গতকাল এক দলীয় জনসভায় শুভেন্দু বাবু বলেন, এ রাজ্যে অবাধে কয়লা, বালি লুণ্ঠ করা হচ্ছে।

বাইট

আকাশবাণী কলকাতা, ১০ টি জেলার জন্য চুক্তির ভিত্তিতে আংশিক সময়ের সাংবাদিক নিয়োগ করবে। জেলাগুলি হল- বীরভূম, আলিপুরদুয়ার, পশ্চিম বর্ধমান, দার্জিলিং, দক্ষিণ দিনাজপুর, ঝাড়গ্রাম, কালিম্পং, হুগলী, পূর্ব মেদিনীপুর এবং কলকাতা। এ সংক্রান্ত যাবতীয় তথ্য www.newsonair.gov.in -এ পাওয়া যাবে।

আবেদন জানানোর শেষ তারিখ, ১৫ই ডিসেম্বর।

পশ্চিমবঙ্গের রাজ্যপাল হিসাবে আজ তৃতীয় বছর পূর্ণ করলেন ডঃ সিভি আনন্দ বোস। তার আগে ব্যক্তিগত জীবন থেকে প্রশাসনিক চ্যালেঞ্জ, রাজ্যের রাজনৈতিক ভবিষ্যত থেকে ভোট হিংসা... রাজ্যপাল হিসাবে তাঁর সামনে থাকা চ্যালেঞ্জ সম্পর্কে বললেন,

বাইট

স্কুল সার্ভিস কমিশনের নবম দশমের শিক্ষক নিয়োগের ফল আগামীকাল প্রকাশিত হবে। এর কয়েকদিনের মধ্যেই ইন্টারভিউয়ে ডাক পাওয়া প্রার্থীদের নামের তালিকা প্রকাশ করবে এসএসসি। নবম দশমের শিক্ষক পদের মোট শূন্যপদের সংখ্যা ২৩ হাজার ২১২।

এদিকে, একাদশ দ্বাদশের শিক্ষক নিয়োগের তথ্য যাচাই প্রক্রিয়ায় এখনও পর্যন্ত অন্তত তিনশো জন প্রার্থীর তথ্য গড়মিল পাওয়া গেছে বলে সূত্রের খবর। এরমধ্যে কয়েকজন প্রার্থীর তথ্য ভুল। কিছু ক্ষেত্রে দেওয়া তথ্য ভুল রয়েছে। আগামী চৌঠা ডিসেম্বর পর্যন্ত তথ্য যাচাই প্রক্রিয়া চলবে।

চাকরীহারা শিক্ষকদের অভিজ্ঞতার জন্য ১০ নম্বর দেওয়ার প্রতিবাদে ফের আন্দোলনে নামছে এসএসসির নতুন চাকরীপ্রার্থীরা। আগামীকাল করুণাময়ী মোড় থেকে বিকাশভবন পর্যন্ত মিছিলের ডাক দেওয়া হয়েছে। অতিরিক্ত ১০ নম্বরের বিষয়টি ভেবে দেখা এবং শূন্যপদ বাড়ানোরও দাবি তুলছেন আন্দোলনকারীরা।

মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজের জন্য দ্বিতীয় হুগলী সেতু আজ আরও এক দফা বন্ধ রয়েছে। সকাল ৬টা থেকে দুপুর দুটো পর্যন্ত বিদ্যাসাগর সেতু দিয়ে বন্ধ রাখা হচ্ছে সমস্ত ধরনের যান চলাচল। এই সময় সেতুর ওপর দিয়ে চলাচলকারী যানবাহন বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হচ্ছে।

গোয়ায় ভারতের আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের অন্যতম আকর্ষণ হলো ফিল্ম বাজার যা এবছর থেকে ওয়েভস ফিল্ম বাজার নামে পরিচিত হয়েছে। আগামীকাল পর্যন্ত গোয়ায় সুমদ্র তটের এক পাচতারা হোটেলে এই ফিল্ম বাজার চলবে। সত্যজিত রায় ফিল্ম ইন্সটিটিউট এর পড়ুয়া শাহিল ইংলা তাঁর সিনেমা “আ ডল মেড আপ অফ ক্লে” নিয়ে এবার যোগ দিয়েছেন ফিল্ম বাজারে। সেখান থেকেই তিনি জানানেন, ওয়েভস বাজার কি ভাবে নতুন চলচ্চিত্র নির্মাতাদের উৎসাহিত করতে পারে-

বাইট
